

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
www.chc.gov.bd

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৩৪/ই-অকশন নং/২০২৩

তারিখ- /০১/২০২৬খ্রি.

প্রেরক : অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপক : ১। ব্যুরো চীফ
দৈনিক প্রথম আলো
এ এস টাওয়ার, প্লট-৫৫৩, রোড-১, হিলভিউ
আ/এ, পাঁচলাইশ, চট্টগ্রাম-৪০০০।

২। ব্যুরো চীফ
দৈনিক আজাদী
৯, সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড,
চট্টগ্রাম।

বিষয় : চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ডে নিলামকৃত পণ্যচালান খালাসের গণবিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ডে রক্ষিত বিভিন্ন পণ্যচালান কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক নভেম্বর/২০২৫ খ্রি. তারিখের পূর্বে বিভিন্ন নিলামের মাধ্যমে অনুমোদিত যে সকল লটের বিডারগণ অদ্যাবধি বিবিধ শর্তাদি পূরণসাপেক্ষে পণ্যচালান খালাস গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে। এ প্রেক্ষিতে সংযুক্ত তালিকায় নিলাম বিজ্ঞপ্তি (সাইজ: ২ কলাম* ৬ইঞ্চি) আগামী ১৬.০১.২০২৬ খ্রি. তারিখে আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। কাস্টম হাউস, চট্টগ্রামের নিলাম কার্যক্রমকে গতিশীল ও চট্টগ্রাম বন্দরের কন্টেইনার জট নিরসনকল্পে বিষয়টি অতীব জরুরী। উল্লেখ্য যে, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ পূর্বক বিল অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (প্রশাসন) বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: গণবিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।

(মোঃ তানবীন ইসলাম)
রাজস্ব কর্মকর্তা

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর পক্ষে

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৩৪/ই-অকশন নং/২০২৩

তারিখ- ১৫/০১/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ০২। সিস্টেমস এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম। [আলোচ্য গণবিজ্ঞপ্তি কাস্টমস হাউস, চট্টগ্রামের ওয়েবসাইট এবং জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]
- ০৩। অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (প্রশাসন), কাস্টম হাউস, চট্টগ্রাম [আলোচ্য গণবিজ্ঞপ্তি বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা এবং পত্রিকায় প্রকাশের বিল পরিশোধের অনুরোধসহ]।
- ০৪। পিএ টু চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম [আলোচ্য গণবিজ্ঞপ্তি চবক এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।
- ০৫। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অফিস কপি।

(মোঃ তানবীন ইসলাম)
রাজস্ব কর্মকর্তা

"উন্নয়নের অক্সিজেন রাজ্য"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"জনকল্যাণে রাজ্য"

কাস্টমস হাউস, চট্টগ্রাম

নিলাম শাখা

www.chc.gov.bd

স্মারক নং-৫/কা.হা.চট্ট./নিলাম/৩৪/ই-অকশন/২০২৩ /২৫৬

তারিখঃ ০১/২০২৩ খ্রি.

গণবিজ্ঞপ্তি

বিষয়: চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ডের নিলামকৃত পণ্যচালান খালাস গ্রহণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নভেম্বর/২০২৫ খ্রি. তারিখের পূর্বে বিভিন্ন সময়ে কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক নিলামের মাধ্যমে অনুমোদিত যে সকল লটের বিডারগণ অদ্যাবধি বিবিধ শর্তাদি পূরণসাপেক্ষে পণ্যচালান খালাস গ্রহণ করেননি, তাদেরকে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সকল আইনগত, বিধিবদ্ধ ও আর্থিক শর্ত পূরণপূর্বক এবং প্রযোজ্য অন্যান্য শর্তাবলি পরিপালন সাপেক্ষে বিডমূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধপূর্বক সংশ্লিষ্ট পণ্যচালান খালাস গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। শর্ত পূরণে ব্যর্থতার কারণে নিলামের শর্তানুযায়ী জামানত বাজেয়াপ্ত করা হবে।

এছাড়াও যে সকল পণ্যচালান বিভিন্ন টেন্ডার সেল এ অন্তর্ভুক্ত হলেও অনিষ্পন্ন রয়েছে, সে সকল পণ্যচালান সংশ্লিষ্ট বিডারগণ খালাসে আগ্রহী হলে অথবা কোন ধরনের যুক্তিসঙ্গত দাবি বা আপত্তি থাকলে জরুরি ভিত্তিতে নিলাম শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। প্রযোজ্য ক্ষেত্রে দাখিলকৃত জামানত বা পে-অর্ডার ফেরতের জন্য লট নাম্বার উল্লেখপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

যে সকল পণ্য সংক্রান্ত বিষয়ে কোন আদালত বা ট্রাইব্যুনালের মামলায় স্থগিতাদেশ বা নিষেধাজ্ঞা বিদ্যমান রয়েছে, সে সকল পণ্যের বিষয়েও নির্ধারিত সময়ের মধ্যে নিলাম শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, নির্ধারিত সময়সীমার মধ্যে যদি কোনো বিডার পণ্যচালান খালাস গ্রহণ অথবা দাবি বা আপত্তি জানাতে ব্যর্থ হন, তবে কাস্টমস আইন, ২০২৩, নিলামের স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখঃ ০২/০৭/২০২৫ খ্রি. এবং নিলামের বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস, তারিখঃ ১৪ মে ২০২৫ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে পরবর্তীতে কোনো দাবি বা আপত্তি গ্রহণ করা হবে না।

রাজস্ব সুরক্ষা এবং চট্টগ্রাম বন্দরের কার্যক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬-এ প্রদত্ত ক্ষমতাবলে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোঃ ইমরান হোসেন)

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে